

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ১৩, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[মূল্য সংযোজন কর]

আদেশ

তারিখ, ৮ ফাল্গুন ১৪২০ বঙ্গাব্দ/২০ ফেব্রুয়ারি ২০১৪ খ্রিস্টাব্দ

নং ০৬/মূসক/২০১৪—যেহেতু, জনস্বার্থের গুরুত্ব বিবেচনায় ও যথোপযুক্ত অনুসন্ধানের পর জাতীয় রাজস্ব বোর্ড এই মর্মে সন্তুষ্ট হইয়াছে যে, ঢাকাস্থ মায়ানমার হাইকমিশন কর্তৃক আয়োজিত সশস্ত্র বাহিনী দিবসের সম্বর্ধনা অনুষ্ঠানটি সামগ্রিকভাবে একটি জাতীয় ও বিশেষ গুরুত্বপূর্ণ বিষয় হিসেবে বিবেচ্য,

যেহেতু, বাংলাদেশ ও মায়ানমার বন্ধুপ্রতিম দু'টি দেশের পারস্পারিক ভাবমূর্তি উজ্জ্বল ও কূটনৈতিক সম্পর্ক সুদৃঢ় করা প্রয়োজন, সে বিবেচনায় আলোচ্য অনুষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য মূল্য সংযোজন কর অব্যাহতির বিষয়টি বোর্ড নীতিগতভাবে অনুমোদন করিয়াছে,

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪(২) এ প্রদত্ত ক্ষমতাবলে ঢাকাস্থ মায়ানমার হাইকমিশন কর্তৃক ২৭-০৩-২০১৪ তারিখে রেডিশন ব্লু ওয়াটার গার্ডেন হোটেলে উদযাপিত সশস্ত্র বাহিনী দিবসের সম্বর্ধনা অনুষ্ঠানের ব্যয়ের উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক হইতে অব্যাহতি প্রদান করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ শওকাত হোসেন

প্রথম সচিব (মূসক-অব্যাহতি)।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

শাহ্-ই-আলম পাটোয়ারী, ভারপ্রাপ্ত উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(১০১৩৭)

মূল্য : টাকা ৪.০০